

# আধারে মজুরি,

## অভ্যস্ত ৪৭ %

১০০ দিনের কাজের প্রকল্পে  
আধারের মাধ্যমে মজুরি ব্যবস্থায়  
মোট কর্মীর মাত্র ৪৭ শতাংশ  
এবং সক্রিয় কর্মীদের ৬৭ শতাংশ  
অভ্যস্ত। রাজ্যসভায় তৃণমূল  
সাংসদ জহর সরকারের প্রশ্নের  
জবাবে জানালেন গ্রামোন্নয়ন  
মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী সাধ্বী নিরঞ্জন  
জ্যোতি। জহর সরকার বলেছেন,  
কেন্দ্র স্বীকার করেছে এই প্রকল্পের  
কর্মীদের আধারের মাধ্যমে  
মজুরির পদ্ধতিতে অভ্যস্ত ৫০  
শতাংশেরও কম শ্রমিক।